# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৯৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৯৯]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৫৬: নবী (সা.) -এর ওপর দরূদ পাঠ করার পর দু'আ নির্ধারণের ব্যাপারে স্বাধীনতা

باب تخيير الدعاء بعد الصلاة على النبي صلى الله عليه وسلم

আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ، وَعَمْرُو بْنُ عَلِيٍّ، وَاللَّفْظُ لَهُ، قَالاَ: حَدَّثَنَا يَحْيَى، قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ الأَعْمَشُ، قَالَ: حَدَّثَنِي شَقِيقٌ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ: كُنَّا إِذَا جَلَسْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الصَّلاَةِ، قُلْنَا: السَّلاَمُ عَلَى اللَّهِ مِنْ عِبَادِهِ، السَّلاَمُ عَلَى فُلاَنٍ وَفُلاَنٍ، فَقَالَ: رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لاَ تَقُولُوا: السَّلاَمُ عَلَى اللَّهِ فَإِنَّ اللَّهَ هُوَ السَّلاَمُ، وَلَكِنْ إِذَا جَلَسَ أَحَدُكُمْ، فَلْيَقُلِ: التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلاَمُ، عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ، السَّلاَمُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ، فَإِنَّكُمْ إِذَا قُلْتُمْ ذَلِكَ أَصَابَتْ كُلَّ عَبْدٍ صَالِحٍ فِي السَّمَاءِ وَالأَرْضِ، أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ، ثُمَّ لِيَتَخَيَّرْ مِنَ الدُّعَاءِ بَعْدُ أَعْجَبَهُ إِلَيْهِ يَدْعُو بِهِ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١١٧١، ١٢٧٨ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1299 _ صحيح

বাংলা

১২৯৮. ইয়াকুব ইবনু ইবরাহীম আদ্ দাওরাকী ও ’আমর ইবনু ’আলী (রহ.) ..... ’আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা যখন রাসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে সালাত আদায়কালে বসতাম, তখন বলতাম, আল্লাহর ওপর সালাম আল্লাহর বান্দাদের পক্ষ হতে আর অমুক অমুকের ওপর সালাম। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, তোমরা আল্লাহর ওপর সালাম বলিও না, কারণ আল্লাহই স্বয়ং সালাম। তোমাদের কেউ যখন সালাত আদায়কালে বসে

তখন সে যেন বলে -

আত্তাহিয়্যাতু লিল্লা-হি ওয়াস সালাওয়া-তু ওয়াত তইয়িবা-তু, আসসালা-মু আলায়কা আইয়ুহান নাবিয়ু, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকা-তুহ। আসসালা-মু আলায়না- ওয়া আলা ইবা-দিল্লা-হিস্ স-লিহীন (সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর আল্লাহর সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর সালাম বর্ষিত হোক।)।
কেননা তোমরা যখন এ তাশাহহুদ পড়বে তা আসমান এবং জমিনের সকল নেক বান্দার নিকট পৌছবে।
“আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহূ ওয়া রসূলুহু” (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা’বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তাঁর বান্দা ও রসূল)। এরপর যে দু’আ ইচ্ছা হয় সে দু’আ পাঠ করবে।

## English

56. Choosing A Supplication After Sending Salah Upon The Prophetarum

It was narrated that 'Abdullah said: When we sat during the prayer with the Messenger of Allah (ﷺ), we used to say: 'Peace (salam) be upon Allah(SWT), peace be upon so-and-so and so-and-so.' The Messenger of Allah (ﷺ) said: 'Do not say peace (salam) be upon Allah (SWT), for Allah (SWT) is As-Salam (the Source of peace; the One free from all faults). Rather say: At-tahiyyatu lillahi wasalawatu wat-tayibaat, as-salamu 'alaika ayah-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina a 'ala ibad illahis-salihin (All compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you O Prophet, and the mercy of Allah and His blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah.) If you say that, it will be for every righteous slave in the heavens and on earth, ashadu an la ilaha ill Allah, wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu (I bear witness that that none has the right to be worshipped except Allah, and I bear witness that Muhammad is His slave and messenger.) Then let him choose any supplication that he likes to say after that.'

## ফুটনোট

সহীহ: বুখারী ৮৩৫, মুসলিম (১/৫৮/৩০২)। [দ্রঃ ১২৭৯]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87692

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন